

টেকসই উন্নয়ন অর্জনসমূহ (SDGs) বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি, সভার কার্য বিবরণী : এপ্রিল/২০২৩ অধিবেশন নং

০৮

সভাপতি - আকিব ওসমান

উপজেলা নির্বাহী অফিসার (অঃদাঃ)

ও

সভাপতি উপজেলা টেকসই উন্নয়ন অর্জনসমূহ বাস্তবায়ন কমিটি, লংগদু, রাংগামাটি পা: জেলা।

স্থান :- উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ, লংগদু, রাংগামাটি পা: জেলা। ।


সভার তারিখ:- ২৭/০৪/২০২৩খ্রি: , সময় - সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের পরিশিষ্ট- “ক” তে সন্নিবেশিত

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন, অতঃপর বিস্তারিত আলোচনার পর নির্মুক্ত সিদ্ধান্তবলী গৃহীত হয়।

ক্রঃ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
০১	বিগত মাসের সভা ও সভার কার্যক্রম দৃঢ়করণ করাঃ- পূর্বে মাসের এসডিজি বিষয়ক কর্মসূচির অংশবিশেষ সকল দপ্তরের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	কোনরূপ সংশোধনী প্রস্তাব না থাকায় চূড়ান্ত অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত হয় গৃহীত হয়।	দপ্তর প্রদান (সকল)
০২	লংগদু উপজেলার স্থানীয় সূচকঃ- উপজেলা সমাজসেবা অফিসার (অঃদাঃ) ও কমিটির সদস্য সচিব সভায় জাননা যে, টেকসই উন্নয়ন অর্জন (SDGs) বাস্তবায়ন সংক্রান্ত উপজেলার স্থানীয় সূচকে উপজেলার উন্নয়নমূলক কাজের বিভিন্ন দপ্তর থেকে প্রাপ্ত তথ্য চিত্র ছক অনুযায়ী সভা উপস্থাপন করেন। এবং উক্ত বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের দপ্তর প্রদান মহোদয়কে উন্নয়ন মূলক কাজের বিষয়ে উপস্থাপন করার জন্য অনুরোধ করেন এবং উপজেলা প্রকৌশলী (এলজিইডি) কর্মকর্তা লংগদু উপজেলার সাথে আন্ত ইউনিয়নের যোগাযোগের জন্য সংযোগ সড়ক গুলোর কাজ চলমান আছে এবং ২৭ এপ্রিল/২৩ পর্যন্ত ৩০ শতাংশ কাজ সম্পূর্ণ হয়েছে। এবং উক্ত কাজ সম্পর্কে বিস্তারিত ভাবে আলোচনা করেন। আন্ত ইউনিয়ন যোগাযোগ ব্যবস্থা উন্নীতকরণ , (১) জাইকা ও এডিবির অর্থায়নে গুরুত্বপূর্ণ স্থান গুলিতে সোলার স্ট্রিটলাইট স্থাপন করা হয়েছে। (২) উপজেলার সাথে সংযোগ রাস্তাসমূহ সংস্কার করার জন্য উদ্যোগ গ্রহণকৃত কাজ চলমান আছে। “প্রতিবেদন পরিশিষ্ট-“খ” তে সন্নিবেশিত	টেকসই উন্নয়ন অর্জন (SDGs) বাস্তবায়ন সংক্রান্ত সভায় (১) জাইকা ও এডিবির অর্থায়নে গুরুত্বপূর্ণ স্থান গুলিতে সোলার স্ট্রিটলাইট স্থাপন করা হয়েছে। (২) উপজেলার সাথে সংযোগ রাস্তাসমূহ সংস্কার করার উদ্যোগ গ্রহণকৃত চলমান অসম্পূর্ণ কাজ সমূহ সঠিক ভাবে বাস্তবায়ন ও দ্রুত সময়ে শেষ করার জন্য অনুরোধ করেন। টেকসই উন্নয়ন অর্জন (SDGs) বাস্তবায়ন সংক্রান্ত সভায় সূচক অগ্রগতির প্রাপ্ত প্রতিবেদন সমূহ সমন্বয় করে স্ব-স্ব দপ্তরের ওয়েবসাইটে (ওয়েব প্রোটালা) প্রকাশ করার জন্য সকল বিভাগীয় কর্মকর্তাদের অনুরোধ জানানো হয়। এবং পরবর্তীতে প্রয়োজনীয় কার্যাদি সম্পাদন পূর্বক জেলা কমিটি বরাবরে মাসিক প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা সমাজসেবা অফিসার (অঃদাঃ)কে অনুরোধ জানিয়ে সভা সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত দৃঢ়করণ করা হয়। “প্রতিবেদন পরিশিষ্ট-“খ” তে সন্নিবেশিত	সংশ্লিষ্ট দপ্তর প্রদান

অদ্যকার সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



আকিব ওসমান

উপজেলা নির্বাহী অফিসার (অঃদাঃ)

ও

সভাপতি

উপজেলা টেকসই উন্নয়ন অর্জন (SDGs) বাস্তবায়ন কমিটি,
লংগদু, রাংগামাটি।